

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৭.২১. ১৫১৫


তারিখ: ২৫ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: কিশোরী সংঘের সদস্যদের (হাই স্কুলগামী শিক্ষার্থী) নামে পৃথক ব্যাংক হিসাব খোলা ও পরিচালনার বিষয়ে মতামত প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) এর বিগত ৩০/০৮/২০২৩ তারিখ অনুষ্ঠিত সভায় প্রকল্পে অন্তর্ভুক্ত ১১৮ টি স্কুলের ১১,৮০০ জন শিক্ষার্থীর নামে পৃথক ব্যাংক হিসাব খোলার জন্য প্রকল্পের মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহ করে পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে শিক্ষার্থীদের নামে পৃথক ব্যাংক হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়ে সুনির্দিষ্ট মতামত জানা প্রয়োজন।

- ১। শিক্ষার্থীদের বয়স ১৮ বছরের কম হওয়ায় তাদের ব্যক্তিগত নামে ব্যাংক হিসাব খোলা ও পরিচালনা করা যাবে কিনা। তাছাড়া শিক্ষার্থীদের বয়স ১৮ বছর পূর্ণ হওয়ার পূর্বে উক্ত ব্যাংক হিসাব হতে কোন অর্থ উত্তোলন করা যাবে না শর্তে ব্যাংক হিসাব খোলা ও পরিচালনা করার সুযোগ রয়েছে কিনা তা উপজেলায় পরিচালিত ব্যাংকসমূহের শাখা অফিস হতে তথ্য সংগ্রহপূর্বক মতামত প্রদান।
- ২। শিক্ষার্থীদের নামে পৃথক ব্যাংক হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে মেইনটেনেন্স চার্জসহ অন্য কোন চার্জ প্রযোজ্য হবে কিনা এবং প্রযোজ্য হলে প্রতি বৎসরে তার পরিমাণ কত।
- ৩। প্রত্যেক শিক্ষার্থীর ব্যক্তিগত ব্যাংক হিসাবে জমাকৃত সঞ্চয়ের উপর ব্যাংক কর্তৃক কি হারে মুনাফা/সুদ প্রাপ্তির সুযোগ রয়েছে।

এমতাবস্থায়, হাই স্কুলগামী শিক্ষার্থীদের নামে পৃথক ব্যাংক হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে উপরিলিখিত বিষয়ে শিক্ষার্থী, অভিভাবক, স্কুলের প্রধান শিক্ষক, ব্যাংক ম্যানেজার ও সংশ্লিষ্ট অন্যান্যদের সাথে আলোচনাপূর্বক আগামী ১৬/১০/২০২৩ খ্রি. তারিখের মধ্যে সুনির্দিষ্ট মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোন : ৪১০১০৩৪১


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি  
উপজেলা: প্রকল্পভূক্ত সকল, জেলা: প্রকল্পভূক্ত সকল।

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৭.২১. ১৫১৫

তারিখ: ২৫ সেপ্টেম্বর ২০২৩

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: প্রকল্পভূক্ত সকল (উপপরিচালকের মতামতসহ উপজেলা হতে প্রাপ্ত মতামতসমূহ একত্রিত করে প্রকল্প সদর দপ্তরে উল্লেখিত তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: ....., জেলা: .....
৫. পরিচালক (পরিকল্পনা) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।

  
শারিফুর রহমান  
সহকারী পরিচালক